

জমিহারাদের চাকরি দিতে উদ্যোগ জিন্দালদের

নিজস্ব প্রতিবেদন: পশ্চিম মেদিনীপুরের শালবনিতে জমিহারাদের চাকরি দিতে চলেছে জিন্দাল গ্রুপ। সিমেন্ট কারখানার পর রং ও সোলার কারখানা করার পরিকল্পনা রয়েছে বলে জানালেন জেএসডব্লিউ সিমেন্টের এমডি পার্থ জিন্দাল। বুধবার রাজ্যে জেএসডব্লিউ সিমেন্টের অনুষ্ঠানিক উদ্বোধনে উপস্থিত ছিলেন চিফ মার্কেটিং অফিসার পুষ্পরাজ সিং, সহ-সভাপতি সূর্যায়ন মুখোপাধ্যায়-সহ অন্যরা।

এদিন পার্থ জিন্দাল বলেন, 'শালবনিতে ৪৮৮ জন শ্রমিক জমি হারিয়েছেন। তাদের মধ্যে ৩৩৩ জন শ্রমিক চাকরি পাবেন। বাকি ১৫৫ জনকে এখনই চাকরি দেওয়া সম্ভব নয়। প্রতিটি পরিবারের একজন সদস্যকে চাকরি দেওয়ার প্রতিশ্রুতি দেওয়া হয়েছে কোম্পানির তরফে। ইতিমধ্যে ১০০জন শ্রমিককে সিমেন্ট কারখানায় চাকরি দেওয়া হয়েছে। বাকিরা রং ও সোলার কারখানায় চাকরি পাবেন।'



পাশাপাশি তিনি জানান, জিন্দাল গ্রুপ ২০০-২৫০ মেগাওয়াটের বিলুং প্লান্ট গঠন করতে চলেছে। এই প্রকল্পকে মাধ্যম রেখে কোম্পানি আগাম আলোচনা করছে বিদেশের ইপিসির সঙ্গে। বছরে ২.৪ মেট্রিকটন সিমেন্ট উৎপাদনের সঙ্গে রং প্রস্তুতকারক কারখানা এবং স্টিলের কারখানা গঠন করা হবে।

ভবিষ্যতে শালবনিকে বাণিজ্যিক হাব হিসেবে গঠন করার পরিকল্পনা রয়েছে। শালবনি সিমেন্ট কারখানার জন্য ১.৮৫০ কোটি টাকা বিনিয়োগ করা হয়েছে।

এদিকে কৃষিকাজের ক্ষেত্রে ১০০ একর জমি কৃষকদের ফিরিয়ে দেওয়া হোক। সেই প্রসঙ্গে জেএসডব্লিউ সিমেন্টের এমডি

মন্তব্য করেন, 'আমরা শালবনিতে স্টিল কারখানা গঠন করতে ইচ্ছুক। কিন্তু এই কাজটি অটিকে রয়েছে। কারখানা বাবে যে বাকি জমি রয়েছে তা রাজ্য সরকার কৃষকদের ফিরিয়ে দিক অথবা শিল্প গঠনের জন্য কোনও কোম্পানিকে বিনিয়োগের জন্য আহ্বান জানাক। এই বিষয়টি নিয়ে সরকারের সঙ্গে আলোচনা

- এরপর এরাঙ্গো রং ও সোলার কারখানা করার পরিকল্পনা রয়েছে জিন্দাল গোষ্ঠীর
- 'শালবনিতে যাঁরা জমি হারিয়েছেন, তাঁদের মধ্যে ৩৩৩ জন শ্রমিক চাকরি পাবেন

চলেছে। আমরা আশা করছি, খুব শীঘ্রই এই সমস্যার সমাধান বেড়িয়ে আসবে।' শালবনি কারখানা প্রসঙ্গে তিনি বলেন, 'আমাদের ভবিষ্যত লক্ষ্য, ২০১৯ সালে আমাদের সিমেন্ট ব্যবসা ২৫০০ থেকে ৩০০০কোটি টাকা মূল্যের হবে। ২০১৯ সালে সাধারণ নির্বাচনের পর আমরা অহিপিও'র জন্য প্রস্তাব রাখব, আরও দু'তিনটি শহরে ২০ মিলিয়ন টন সিমেন্ট কারখানা খোলার জন্য।